



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শীতকালীন ছুটি বাতিল

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৮ ডিসেম্বর ২০২১খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের চলমান একাডেমিক কার্যক্রমের ধারাবাহিকতা ও গতিশীলতা রক্ষায় এবং সেশনজট নিরসনকল্পে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০২১-২২ শিক্ষাবর্ষের পূর্বনির্ধারিত শীতকালীন ছুটি বাতিল করা হয়েছে। অদ্য ০৮ ডিসেম্বর ২০২১ তারিখ দুপুর ১২ ঘটিকায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের সভাপতিত্বে অনলাইনে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৩৭তম জরুরী সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। কোভিড-১৯ পরিস্থিতির কারণে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের একাডেমিক কার্যক্রমের যে ক্ষতি হয়েছিলো তা পুষিয়ে নেয়ার লক্ষ্যে এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস